

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৬১-আইন/২০২৬/১৬/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ মোতাবেক ২৯ মে, ২০২৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২০৩-আইন/২০২৫/২৫/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(১) TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading-

(ক) 25.17 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পর নিম্নরূপ নূতন Heading এবং এন্ড্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“25.19 2519.90.00 Magnesium Oxide
(Feed grade)”;

(খ) 28.11 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পর নিম্নরূপ নূতন Heading এবং এন্ড্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“28.27 2827.39.00 Potassium Chloride
(Feed grade)”;

(গ) 28.33 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ Heading এবং এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“28.33 2833.19.00 Sodium hydrogen
sulphate
2833.21.00 Magnesium Sulphate
(Feed grade)
2833.25.00 Copper sulphate
pentahydrate (feed
grade)

2833.29.90 Ferrous sulphate (feed grade)/ Manganese sulphate monohydrate (feed grade”);

(ঘ) 30.03 ও 30.04 এবং উহাদের বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ডিসমূহের পরিবর্তে নিম্নরূপ Heading এবং এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“30.03	3003.10.00 3003.20.00 3003.39.90	Veterinary and fishery medicament not for retail sale
	3003.90.99	Other Medicaments for poultry/dairy/fisheries, not for retail sale
30.04	3004.10.00 3004.20.90 3004.20.90 3004.32.00 3004.39.90 3004.39.90 3004.50.00 3004.50.00 3004.90.99 3004.90.99	Veterinary Medicine (Antibiotic) Medicaments containing other Antibiotics for Poultry & Dairy Veterinary Medicine (Cefquinome Sulphate) Veterinary Medicine (Anti-Mastitis) Medicaments of other Hormones for Poultry & Dairy Veterinary Medicine (Hormone) Diluents (Dilavia) For Vaccine Use Other medicaments containing vitamins or other products of Heading No. 29.36 Diluents, Solvents For Vaccine Use Other Medicaments for poultry/dairy/fisheries, for retail sale”।

(২) শর্তাবলি অংশে উল্লিখিত শর্ত (৬) ও (৭) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (৬) ও (৭) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৬) দফা (১) এ উল্লিখিত প্রাণিসম্পদ অধিদপ্তর সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্য সংশ্লিষ্ট পোল্ট্রি অথবা

ডেইরি ফার্মে সঠিকভাবে ব্যবহৃত হইয়াছে কিনা এবং আমদানিকৃত উপকরণের সমন্বয়ে উৎপাদিত পশু খাদ্য সংশ্লিষ্ট পোল্ট্রি খামার অথবা গবাদি পশু খামার অথবা প্রাণিসম্পদ অধিদপ্তরের ক্যাটাগরি-৩ লাইসেন্স প্রাপ্ত সংশ্লিষ্ট ভেটেরিনারি পণ্য বিক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করা হইয়াছে কিনা তাহা প্রাণিসম্পদ অধিদপ্তর এবং সংশ্লিষ্ট ভ্যাট কমিশনার মনিটর করিবেন;

- (৭) দফা (১) এ উল্লিখিত মৎস্য অধিদপ্তর সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক আমদানিকৃত মৎস্য খাদ্য বা চিংড়ি খাদ্য বা চিংড়ি চাষের উপকরণ বা মৎস্য চাষের উপকরণ সংশ্লিষ্ট খামার বা হ্যাচারি বা প্রতিষ্ঠান বা মৎস্য অধিদপ্তরের ক্যাটাগরি-৪ (ক) ও (খ) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানে সঠিকভাবে ব্যবহৃত হইয়াছে কিনা এবং আমদানিকৃত উপকরণের সমন্বয়ে উৎপাদিত মৎস্য খাদ্য বা চিংড়ি খাদ্য সংশ্লিষ্ট মৎস্য বা চিংড়ি খামার অথবা মৎস্য বা চিংড়ি হ্যাচারি এর নিকট সরবরাহ করা হইয়াছে কিনা তাহা মৎস্য অধিদপ্তর এবং সংশ্লিষ্ট ভ্যাট কমিশনার মনিটর করিবেন;”।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।